



“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : উমা/পরী/২০২২/১৯৮৩

তারিখ : ১২/১০/২০২২ খ্রি.

বিষয় : উচ্চমাধ্যমিক পরীক্ষা ২০২২ এর প্রবেশপত্র, সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র এবং অন্যান্য উপকরণসমূহ বিতরণ এবং মতবিনিময় সভায় উপস্থিতি প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী ০৬ নভেম্বর ২০২২ তারিখ হতে অনুষ্ঠেয় উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পরিচালনার লক্ষ্যে তাঁর কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের ব্যবহারের জন্য প্রয়োজনীয় সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, প্রবেশপত্র এবং অন্যান্য উপকরণসমূহ নিচে বর্ণিত সময়সূচি অনুসারে কেন্দ্রভিত্তিক বোর্ড হতে বিতরণ করা হবে। যথাসময়ে যথাযথ নিরাপত্তাসহকারে উপকরণ গ্রহণের জন্য তিনি নিজে বা তাঁর কলেজের একজন শিক্ষক প্রতিনিধিকে প্রাধিকারপত্রসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। উপকরণসমূহ পরিবহনের খরচ কেন্দ্র কর্তৃপক্ষকে বহন করতে হবে। উপকরণসমূহ বোর্ড হতে যথাযথভাবে বুঝে নেয়ার পর কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হল। অধিকন্তু প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডসমূহ বোর্ড থেকে গ্রহণের পর পরই পরীক্ষার্থীদের মাঝে বিতরণের ব্যবস্থা করতে হবে, যাতে কোন অনাকাঙ্ক্ষিত ভুলত্রুটি যথাসময়ে সংশোধন করা যায়। উপকরণসমূহ গ্রহণের আবেদনপত্রের সাথে কেন্দ্র নবায়ন ফি বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা সোনালি সেবার মাধ্যমে জমাদানের প্রমাণপত্র দাখিল করতে হবে, কেন্দ্র নবায়ন ফি জমা দেয়া না হলে উপকরণসমূহ প্রদান করা হবে না।

নির্ধারিত তারিখ সকাল ১০ টায় সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত দিক নির্দেশনামূলক সভা কুমিল্লা শিক্ষাবোর্ড মিলনায়তনে (দ্বিতীয় তলা) অনুষ্ঠিত হবে। নিচের সময়সূচি অনুযায়ী সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে উক্ত সভায় অবশ্যই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো, দাপ্তরিক বিশেষ প্রয়োজনে ভারপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত থাকতে না পারলে, তাঁর প্রাধিকারপ্রাপ্ত পরীক্ষা পরিচালনা কমিটির আহ্বায়ককে উপস্থিত থাকতে হবে। উক্ত সভায় কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার মোবাইল নম্বর (বোর্ড কর্তৃক সরবরাহকৃত) এবং কেন্দ্র কলেজের সচল E-mail Address উপস্থিতি স্বাক্ষরপত্রে লিপিবদ্ধ করতে হবে।

সময়সূচি

তারিখ	সময়	জেলার নাম
২৩/১০/২০২২	সকাল ১০টা	চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী ও ফেনী জেলার সকল কেন্দ্র
২৪/১০/২০২২	সকাল ১০টা	কুমিল্লা ও লক্ষ্মীপুর জেলার সকল কেন্দ্র

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

ভারপ্রাপ্ত কর্মকর্তা - এইচএসসি পরীক্ষা ২০২২
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত কেন্দ্রসমূহ

অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে :

১। জেলা প্রশাসক, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, ফেনী ও লক্ষ্মীপুর

২। এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার

৩। এ বোর্ডের সকল কর্মকর্তা

৪। এ বোর্ডের সহকারী সচিব,

(এফএসএম শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপরোল্লিখিত সময়সূচি মোতাবেক উক্ত পরীক্ষার সাদা উত্তরপত্র ও অন্যান্য উপকরণসমূহ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের নিকট প্রদান করার নিমিত্তে প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল)

৫। এ বোর্ডের ওয়েবসাইট

৬। সংশ্লিষ্ট নথি